

## চট্টগ্রাম মহিলা পলিটেকনিকে সিএসই কনফারেন্স অনুষ্ঠিত

মেহেদী হাসান : রাইজিংবিডি ডট কম

প্রকাশ: ২০১৮-০১-২৪ ৭:২০:০৮ পিএম || আপডেট: ২০১৮-০১-২৪ ৭:২০:০৮ পিএম



নিজস্ব প্রতিবেদক : তথ্য প্রযুক্তিতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশব্যাপী শুরু হওয়া সিএসই কনফারেন্স পঞ্চম বারের মতো অনুষ্ঠিত হয়েছে।

দুইদিন ব্যাপী আয়োজিত এবারের কনফারেন্স ও কর্মশালা অনুষ্ঠিত হয়েছে চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে।

মঙ্গল ও বুধবার ইনস্টিটিউটের অডিটোরিয়ামে দুইশত ছাত্রীর অংশগ্রহণে এ কনফারেন্স অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে দেশি-বিদেশি প্রযুক্তিবিদদের মধ্যে উপস্থিত ছিলেন সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান আলফানেট- এর প্রতিষ্ঠাতা এবং আমেরিকার সিনারিজ ওয়েব সার্ভিসের প্রধান নির্বাহী আবু সুফিয়ান হায়দার, সফটওয়্যার ইঞ্জিনিয়ার মো. ইসরাফিল, মো.আব্দুর রহিম, মো. ইশান হায়দার। এ সময় তারা আইটি ক্যারিয়ার, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব সাইট ডিজাইন, ডাটাবেস, সফটওয়্যার, মোবাইল অ্যাপস ডেভেলপমেন্ট, নেটওয়ার্কিং এন্ড সিকিউরিটি, আই ও টি, রোবটিক্স, আউটসোর্সিং ইত্যাদি বিষয়সমূহের ওপর উন্নত ক্যারিয়ার গঠন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন।

কনফারেন্সে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহিলাপলিটেকনিক ইনস্টিটিউট-এর অধ্যক্ষ সুনীল চন্দ্র চৌধুরী, উপাধ্যক্ষ আবুল কালাম আজাদ সহ বিভিন্নবিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট- এ শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিনামূল্যে ওয়েব হোস্টিং প্রদান এবং মেধাবীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

রাইজিংবিডি/ঢাকা/২৪ জানুয়ারি ২০১৮/মেহেদী/শাহনেওয়াজ